

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

অভ্যন্তরীণ প্রশাসন-২

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর ১৩.০০.০০০০.০১৪.৩৩.০০২.১৮.১১১

তারিখ ১৯ কার্তিক ১৪২৬

০৪ নভেম্বর ২০১৯

বিজ্ঞপ্তি

খাদ্য মন্ত্রণালয়ের কোটাভুক্ত “বি” শ্রেণির ১টি বাসা বরাদ্দের জন্য এ মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তরের কর্মচারীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। খাদ্য অধিদপ্তরের কর্মচারীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। বরাদ্দযোগ্য বাসার নম্বর, ঠিকানা, শ্রেণী, প্রাপ্যতার বেতন স্কেল ও শর্তাদি নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্র:নং | বাসার নম্বর ও ঠিকানা | শ্রেণী | প্রাপ্য শ্রেণীর বেতন স্কেল ও মূলবেতন (২০১৫ অনুযায়ী)  |
|--------|----------------------|--------|---|
| ১      | ৪/২১ খিলগাঁও, ঢাকা   | বি     | টাকা ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে টাকা ১০০৫১-১১৫১০/- মূল বেতন আহরণকারী এবং একধাপ উপরে ও একধাপ নিম্ন বেতন স্কেলধারী সরকারি কর্মচারি আবেদন করতে পারবেন। |

আবেদনের শর্তাবলীঃ

- (১) আগ্রহী আবেদনকারীগণকে বাসা বরাদ্দের জন্য নির্ধারিত ফরম পূরণপূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে। ২০১৫ এর বেতন স্কেল ও প্রাপ্যতা অনুযায়ী যে কোন ১টি বাসার জন্য আবেদন করতে হবে। নির্ধারিত ফরম পূরণপূর্বক দাখিল না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না। এছাড়াও আবেদনের সাথে সার্ভিস বুকের ১ম পাতা ও সর্বশেষ বেতন বিবরণী সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- (২) যারা বাসা বরাদ্দের জন্য আবেদন করেছেন তারা এটি সম্ভব না হলে অন্য যে কোন এলাকায় যে কোন বাসা বরাদ্দ নিতে রাজি কিনা এ বিষয়ে প্রত্যয়ন পত্র দিতে হবে।
- (৩) মহিলা কর্মচারীগণ তাদের স্বামী কিংবা অবিবাহিত হলে পিতার নামে কোন সরকারি বাসা বরাদ্দ নাই এ মর্মে প্রত্যয়নপত্র দিতে হবে।
- (৪) আবেদনকারীর স্বামী/স্ত্রী অথবা নির্ভরশীলদের নামে ঢাকায় বাড়ী থাকলে কত বছর যাবৎ আছে সে সংক্রান্ত প্রত্যয়ন পত্র দিতে হবে।
- (৫) প্রাপ্যতার চেয়ে এক ধাপ নিম্ন বা উচ্চ শ্রেণীর আবাসনের জন্য যারা আবেদন করবেন তাদের “প্রাপ্য শ্রেণীর আবাসনের দাবি লিখিতভাবে পরিত্যাগ পূর্বক নিজ বেতনের প্রাপ্য বাড়ীভাড়া ভাতা পরিশোধে সম্মতি সংক্রান্ত ঘোষণাপত্র জমা দিতে হবে।
- (৬) প্রাপ্যতার চেয়ে এক ধাপ উচ্চ শ্রেণীর আবাসনের জন্য যিনি আবেদন করবেন তিনি ঐ শ্রেণীর আবাসন পাওয়ার প্রাধিকারী কর্মচারীর বাড়ীভাড়া ভাতার সমপরিমাণ অর্থ বাড়ী ভাড়া হিসেবে পরিশোধে সম্মত আছেন সংক্রান্ত ঘোষণাপত্র জমা দিতে হবে। (৭) বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন বাসার জন্য যাদের প্রাধিকার নেই এবং যাদের বেতন স্কেল প্রাধিকার প্রাপ্ত বেতন স্কেলের এক ধাপ নিম্ন বা উচ্চ গ্রেডভুক্ত নয় ঐ বাসার জন্য তাদের আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (৮) চাহিত প্রত্যয়ন/বেতন বিবরণী/ঘোষণাপত্র ব্যতীত প্রাপ্ত সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (৯) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। আগ্রহী প্রার্থীদের বাসা বরাদ্দের জন্য আগামী ২০.১১.২০১৯ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের বাসা বরাদ্দ কমিটির সভাপতি যুগ্মসচিব (প্রশাসন-১) বরাবর আবেদন করতে হবে।

১৯ কার্তিক ১৪২৬

৪-১১-২০১৯

অনিমা রাণী বিশ্বাস

উপ-সচিব

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

২) প্রোগ্রামার, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়( ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) এ মন্ত্রণালয়ের ৩য় ও ৪র্থ, শ্রেণীর কর্মচারী (সকল), খাদ্য মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রশাসন বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)


স্মারক নং-১৩.০১.০০০০.০৩২.৩৬.৬৪৩.১৪(অংশ-২)- ৯৩৯(৩০)

তারিখঃ ২৬/১১/২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপসচিব, অভ্যন্তরীণ প্রশাসন-২ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (সকল) .....
- ৩। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএসএন্ডএম বিভাগ
- ৪। প্রধান নিয়ন্ত্রককের দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৫। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
- ৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।  
ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৯। ব্যবস্থাপক, তেজগাঁও সিএসডি/ঢাকা সিএসডি।
- ১০। অফিস কপি/মাস্টার কপি।

খাদ্য মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক খাদ্য অধিদপ্তর ও এর অধীনস্থ ঢাকা মহানগরীতে অবস্থিত কার্যালয় সমূহে কর্মরত কর্মচারীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাসা বরাদ্দের আবেদন আগামী ১৪/১১/২০১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মামুন আল মোর্শেদ চৌধুরী)  
উপ-পরিচালক (সংস্থাপন)  
ফোন-৯৫৬১২০৯